07 JUN 2016
পৃঃ কলাম

দৈনিক
ইত্তেফাক

# আড়াইহাজারে ৩৪ প্রধান শিক্ষকের পদ শূন্য

■ গোপালদীবাজার (নারায়ণগঞ্জ) সংবাদদাতা

আড়াইহাজার উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ৩৪টি পদ ও সহকারী শিক্ষকের ৪৭টি পদ শূন্য থাকায় প্রাথমিক স্তরে চরমভাবে বিঘ্নিত হচ্ছে লেখাপড়া।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, আড়াইহাজার উপজেলায় প্রধান শিক্ষকের পদ মোট ৯৫টি। এরমধ্যে বর্তমানে ৩৪টি পদই শূন্য। শূন্য পদের স্কুলগুলো চলছে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে দিয়ে চলা স্কুলগুলোর পড়াশোনার গড় হার সন্তোষজনক নয়। শিক্ষকদের মধ্যে ফাঁকি দেয়ার প্রবণতা তৈরি হয়।

শূন্যপদের স্কুলগুলোতে অন্যান্য শিক্ষকদের উপর চাপ পড়ছে বেশি। একজন শিক্ষককে একাধিক ক্লাস নিতে হচ্ছে বাধ্যতামূলকভাবে। আর একাধিক ক্লাস নিতে গিয়ে শিক্ষকদের মধ্যে ক্ষোভ তৈরি হচ্ছে। সুযোগ পেলেই তারা ফাঁকি দিতে দ্বিধাবোধ করেন না বলে গ্রামবাসীর অভিযোগ।

আড়াইহাজার উপজেলা শিক্ষা অফিসার শাহানা আফরোজ বলেন, পদোন্নতি জনিত কারণে প্রধান শিক্ষকের পদগুলো শূন্য রয়েছে। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের পদগুলো পূরণ জরুরি হয়ে পড়েছে। এতে করে স্কুলে পাঠদান থেকে শুরু করে অন্যান্য কার্যক্রমে ব্যাঘাত ঘটছে।